**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date: 27-12-2025**
**Time: 07:55-08:05 PM Hrs**
**BENGALI EVENING BULLETIN**

---

**Headlines :**

**(১) রাজ্যজুড়ে সাম্প্রতিক পালস পোলিও টিকাকরণ কর্মসূচিতে লক্ষ্যমাত্রার নিরিখে ১০১ শতাংশ সাফল্য |**

**(২) রাজ্য বিধানসভার অধ্যক্ষ প্রয়াত বিশ্ববন্ধু সেনের শেষকৃত্য আগামীকাল ধর্মনগরে পূর্ণ রাষ্ট্রীয় মর্যাদায় সম্পন্ন হবে |**

(৩) **প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি আগামীকাল সকাল ১১টায় আকাশবাণীর মন-কি বাত অনুষ্ঠানে দেশ বিদেশের জনগনের সাথে মত বিনিময় করবেন।**

(৪) **আগামি পয়লা জানুয়ারী পর্যন্ত উত্তর-পূর্ব ভারত, ওড়িশা, পশ্চিমবঙ্গ, সিকিম এবং উত্তরাখণ্ডের কিছু অংশে ঘন কুয়াশার সতর্কবার্তা |**

***********************************

**PULSE POLIO :**

রাজ্যজুড়ে সাম্প্রতিক পালস পোলিও টিকাকরণ কর্মসূচিতে লক্ষ্যমাত্রার নিরিখে ১০১ শতাংশ সাফল্য অর্জন হয়েছে, যা রাজ্যের স্বাস্থ্য পরিষেবায় একটি গুরুত্বপূর্ণ মাইলফলক। জাতীয় স্বাস্থ্য মিশন-ত্রিপুরার পক্ষ থেকে এসংবাদ জানানো হয়েছে | গত ২১ ডিসেম্বর থেকে ২৪ ডিসেম্বর পর্যন্ত অভিযানে রাজ্যে

৩,৪০,৮৭৪ জন শিশুকে পালস পোলিও ডোজ খাওয়ানোর লক্ষ্যমাত্রা নেওয়া হয়েছিল। এই অভিযানে রাজ্যে মোট ৩ লক্ষ ৪৩ হাজার ৬৯৮ জন শিশুকে পোলিও ডোজ খাওয়ানো হয়েছে।

*******************

Biswabandhu sen :

রাজ্য বিধানসভার অধ্যক্ষ প্রয়াত বিশ্ববন্ধু সেনের শেষকৃত্য আগামীকাল ধর্মনগরে পূর্ণ রাষ্ট্রীয় মর্যাদায় সম্পন্ন হবে | বিশ্ববন্ধু সেনের মরদেহ আজ সকালে ব্যাঙ্গালুরু থেকে আগরতলা আনা হয় | এমবিবি বিমানবন্দর থেকে মরদেহ নিয়ে যাওয়া হয় বিধানসভা ভবনে | সেখানে পুষ্পার্ঘ্য দিয়ে বিশ্ববন্ধু সেন -কে শেষ শ্রদ্ধা জানান রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাল্লু, মুখ্যমন্ত্রী অধ্যাপক (ডা.) মানিক সাহা, বিধানসভার উপাধ্যক্ষ রামপ্রসাদ পাল, মন্ত্রী রতনলাল নাথ, সুশান্ত চৌধুরী, টিংকু রায়, বিরোধী দলনেতা জিতেন্দ্র চৌধুরী প্রমুখ | পরে তার মরদেহ নিয়ে যাওয়া হয় প্রদেশ বিজেপি কার্যালয়ে। সেখানে দলের নেতৃবৃন্দ কর্মী সমর্থকরা তাকে শেষ শ্রদ্ধা জানান। এরপর সেখান থেকে শববাহী শকট ধর্মনগরের উদ্দেশ্যে রওয়ানা হয়। বিশ্ববন্ধু সেনের মরদেহ আজ সারারাত তার ধর্মনগরস্থিত জয়হিন্দ ক্লাব রোডের বাড়িতে শায়িত থাকবে। আগামীকাল সকাল ন`টা নাগাদ শবযাত্রা তার বাড়ি থেকে বের হয়ে প্রথমে শিববাড়ি রোডে রামঠাকুর আশ্রমে নিয়ে যাওয়া হবে ।সেখান থেকে পদ্মপুরে জেলা বিজেপি কার্যালয়ে। সাধারণ জনগণ শেষ শ্রদ্ধা জানাবেন। এরপর ধর্মনগর মহাশ্মশানে পূর্ণ রাষ্ট্রীয় মর্যাদায় বিশ্ববন্ধু সেনের শেষকৃত্য সম্পন্ন হবে |

***********************

**GST Package Story :**

সারা দেশে পণ্য ও পরিষেবা কর সরলীকরণ সময়ের দাবি ছিল| চারটে  কর হারের জটিলতায় বিভ্রান্তির অবকাশ দূর করতে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির নেতৃত্বে কেন্দ্রীয় সরকার দুটি কর হারে পরিবর্তিত নতুন সরল ব্যবস্থার ঘোষণা দেয়| এর সঙ্গে দেশের মধ্যবিত্ত এবং নিম্ন মধ্যবিত্ত অংশের মানুষকেও নবরাত্রী ও দুর্গা পুজোর প্রাক পর্ব, সেপ্টেম্বরের ২২ তারিখ থেকে  স্বস্তির সুযোগও করে দিয়েছিল এই সংস্কারের প্রয়াস| ফলে সাধারণ মানুষ উৎসব মরশুমে পেয়েছিলেন মন খুলে কেনাকাটার অতিরিক্ত সুযোগও| ইংরেজি বছরের শেষলগ্নে তা নিয়ে শুনুন এই প্রতিবেদন|

###############VC############

************************

**Surajit Datta   :**

আজ রামনগর বিধানসভা কেন্দ্রের প্রাক্তন বিধায়ক সুরজিৎ দত্তের দ্বিতীয় মৃত্যুবার্ষিকী | বিজেপি`র রামনগর মন্ডল কার্যালয়ে প্রাক্তন বিধায়কের প্রতিকৃতিতে ফুল দিয়ে শ্রদ্ধা জানান বিধায়ক দীপক মজুমদার। তিনি জানান, আগামী ২৯শে ডিসেম্বর আগরতলার বর্ডার গোলচক্করে প্রাক্তন বিধায়ক সুরজিৎ দত্তের স্মরণসভা অনুষ্ঠিত হবে। উপস্থিত থাকবেন মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা |

*********************

**Janashiksha Diwas:**

সিপিআইএম -এর উদ্যোগে আজ আগরতলায় ৮১ তম জনশিক্ষা দিবস পালন করা হয়৷ মূল অনুষ্ঠানটি হয় মেলার মাঠ সিপিআইএম এর রাজ্য কার্যালয়ে৷ জনশিক্ষা আন্দোলনের প্রয়াত নেতাদের প্রতিকৃতিতে পুষ্পার্ঘ্য অর্পণ করে শ্রদ্ধা জানান সিপিআইএম রাজ্য সম্পাদক জিতেন্দ্র চৌধুরী, প্রাক্তন মন্ত্রী নরেশ জমাতিয়া প্রমুখ ৷শ্রী চৌধুরী জনশিক্ষা আন্দোলনের প্রেক্ষাপট নিয়ে আলোচনা করেন।

*********************

**Janasiksha Diwas-South :**

শান্তিরবাজারের পতিছড়িতে আজ জনশিক্ষা দিবস উদযাপন অনুষ্ঠানে উপস্থিত ছিলেন গনমুক্তি পরিষদের মহকুমা সভাপতি পরীক্ষিত মুড়াসিং। বিলোনিয়া শহরে অনুষ্ঠিত কর্মসূচিতে উপস্থিত ছিলেন বিধায়ক দীপংকর সেন, গনমুক্তি পরিষদের বিলোনিয়া মহকুমা সভাপতি পদরাই ত্রিপুরা প্রমুখ। সাব্রুমের কলাছড়ার বন্ধন বাজারে আয়োজিত কর্মসূচিতে উপস্থিত ছিলেন প্রাক্তন বিধায়ক প্রভাত চৌধুরী।

*********************

**Tripura Student Death :**

উত্তরাখন্ড-এর দেরাদুনে দুর্বৃত্তদের আক্রমণে রাজ্যের যুবক এঞ্জেল চাকমা নিহত হবার ঘটনায় দেরাদুন পুলিশ পাঁচ অভিযুক্তকে গ্রেপ্তার করেছে। এই ঘটনার সম্পর্কে অবগত হবার পর মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা আজ সামাজিক মাধ্যমে জানিয়েছেন, এই মামলার তদন্ত চলছে এবং দোষীদের বিরুদ্ধে দ্রুত ও ন্যায়সঙ্গত ব্যবস্থা নেওয়া হবে। তিনি নিশ্চিত করেছেন যে,

দোষীদের বিরুদ্ধে আইন অনুযায়ী দৃষ্টান্তমূলক শাস্তি প্রদান করা হবে। নিহত যুবক এঞ্জেল চাকমার বাড়ি নন্দনগর, দেবরাম ঠাকুর পাড়া এলাকায়।

**********************

**Maan Ki Baat :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি আগামীকাল সকাল ১১টায় আকাশবাণীর মন-কি বাত অনুষ্ঠানে দেশ বিদেশের জনগনের সাথে মত বিনিময় করবেন৷ এটি হল মন-কি-বাত অনুষ্ঠানের ১২৯তম পর্ব৷ এই অনুষ্ঠানটি আকাশবাণী ও দূরদর্শনের সমস্ত নেটওয়ার্ক, আকাশবাণী সংবাদ ওয়েবসাইট www.newsonair.com ও newsonair mobile app-এ শোনা যাবে৷ অনুষ্ঠানটি আকাশবাণী, ডিডি নিউজ, প্রধানমন্ত্রীর দপ্তর তথা তথ্য ও সম্প্রচার মন্ত্রকের ইউ টিউব চ্যানেলেও শুনতে পাওয়া যাবে৷ অনুষ্ঠানের অব্যবহিত পরেই এর আঞ্চলিক ভাষার অনুবাদ শোনা যাবে৷ এই আঞ্চলিক ভাষার অনুষ্ঠানটি রাত ৮টায় পুন: প্রচার করা হবে৷

***********************

**Update Akashvani :**

এখবর শুনছেন, আকাশবাণী আগরতলা কেন্দ্র থেকে|

#######Sound Byte#######

আকাশবাণীর সংবাদের আপডেট পেতে লগ ইন করুন – ডব্লিউ. ডব্লিউ. ডব্লিউ ডট নিউজ অন এ আই আর ডট কম এবং নিউজ অন এ-আই-আর অ্যাপ, এবং

ট্যুইটার ও ফেসবুক প্লাটফর্মে-এ এ-আই-আর-নিউজ-এলার্টস-এ। ইউ-টিউব-এ লক্ষ্য করুন নিউজ-অন-এআইআর-অফিসিয়াল-এ|

এছাড়াও আকাশবাণী আগরতলার সংবাদ আপডেট পেতে দেখুন ট্যুইটার বা এক্স হ্যান্ডেলে আকাশবাণী নিউজ আগরতলা / ফেসবুকে এ-আই-আর নিউজ আগরতলা এবং ইউ টিউবে আকাশবাণী নিউজ আগরতলা|

**********************

**PM-CS :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি আজ মুখ্য সচিবদের তিনদিনের পঞ্চম জাতীয় সম্মেলনে সভাপতিত্ব করছেন এবং আগামীকালও তিনি সভাপতিত্ব করবেন। গতকাল থেকে নতুন দিল্লীতে এই সম্মেলন শুরু হয়েছে। সম্মেলনের লক্ষ্য হল - জাতীয় উন্নয়নকে অগ্রাধিকার দিয়ে কেন্দ্র-রাজ্য অংশীদারিত্ব শক্তিশালী করা।

**********************

**Ganja Destroyed :**

ঊনকোটি জেলার পেঁচারথল থানাধীন মাছমারা'র বস্তি'তে আজ গাঁজা বিরোধী অভিযান সংঘটিত হয়। গোপন সংবাদের ভিত্তিতে পেঁচারথল থানার O/C মঙ্গেশ পাটারি'র নেতৃত্বে এই অভিযানে ছিল, পুলিশ ও TSR এই অভিযানে আনুমানিক ১৭হাজার পরিনত গাঁজা গাছ ধ্বংস করা হয়েছে বলে কুমারঘাটের SDPO উৎপলেন্দু দেবনাথ জানিয়েছেন।

এদিকে, আজ নেশা বিরোধী অভিযানে সাফল্য পেয়েছে সোনামুড়া থানার পুলিশ ও বিএসএফের যৌথ বাহিনী। আজ সকাল প্রায় সাড়ে ৭ টা থেকে সাত ঘন্টা

ব্যপী চলা অভিযানে ধ্বংস করা হয়েছে প্রায় ৩ লক্ষ ৬0 হাজার গাঁজা গাছ। সোনামুড়া থানার ও.সি তাপস দাস জানিয়েছেন যার আনুমানিক বাজার মূল্য ৭ কোটি ২0 লক্ষ টাকা। অভিযান চলে সোনামুড়া থানাধীন কমলনগর, বাতাদোলা, ধনিরামপুরের বনাঞ্চলে। পুলিশ ছাড়াও ৮১ নম্বর ব্যাটেলিয়ান বিএসএফ, টিএসআর ও স্পেশাল ট্যাক্স ফোর্স ছিল এই অভিযানে।

************************

**Consumer Ministry :**

কেন্দ্রীয় সরকারের ভোক্তা বিষয়ক দপ্তরের অধীনস্ত জাতীয় ভোক্তা হেল্পলাইনের মাধ্যমে, ৩১টি ক্ষেত্রে ৪৫ কোটি টাকা ফিরিয়ে দিয়েছে। ভোক্তা বিষয়ক, খাদ্য ও গণবন্টন মন্ত্রক জানিয়েছে, এই উদ্যোগের ফলে গত আট মাসে ৬৭ হাজারেরও বেশি গ্রাহকের অভিযোগের সমাধান করা হয়েছে। আরো জানানো হয়েছে, সর্বোচ্চ সংখ্যক অভিযোগ রেকর্ড হয়েছে ই-কমার্স ক্ষেত্রে, সংখ্যায় ৩৯ হাজারেরও বেশি, অর্থ ফেরত দেয়া হয়েছে ৩২ কোটি টাকা। ভোক্তারা ১৯১৫ টোল-ফ্রি তথা নিঃশুল্ক হেল্পলাইন নম্বরের মাধ্যমে ১৭টি ভাষায় তাঁদের অভিযোগ নথিভুক্ত করতে পারেন।

*********************

**SARAS Mela :**

হাঁপানিয়া আন্তর্জাতিক মেলা প্রাঙ্গণে অনুষ্ঠিত ২0তম আঞ্চলিক সরস মেলা গতকাল শেষ হয়েছে। গ্রামোন্নয়ন দপ্তরের ত্রিপুরা গ্রামীণ জীবিকা মিশনের

উদ্যোগে এই আঞ্চলিক সরস মেলার আয়োজন করা হয়েছিল। এবারের সরস মেলার ভাবনা ছিল 'দিদিদের স্বনির্ভরতার পথে, স্বদেশী পন্যের সাথে'।

*********************

**WEATHER-IMD :**

ভারতীয় আবহাওয়া দপ্তর আগামি পয়লা জানুয়ারী পর্যন্ত উত্তর-পূর্ব ভারত, ওড়িশা, পশ্চিমবঙ্গ, সিকিম এবং উত্তরাখণ্ডের কিছু অংশে ঘন কুয়াশা থাকবে বলে জানিয়েছে। এছাড়া আগামী তিনদিন বিহার, হরিয়ানা, চণ্ডীগড়, দিল্লি, হিমাচল প্রদেশ এবং পাঞ্জাবে ঘন থেকে ঘন কুয়াশার পূর্বাভাস দিয়ে একটি লাল সতর্কতা জারি করেছে। সেইসাথে আগামীকাল ঝাড়খণ্ড, উত্তর প্রদেশ, বিহার এবং উত্তরাখণ্ডে তীব্র ঠান্ডার পূর্বাভাস দিয়েছে।

*******************

**Weather :**

আগামীকাল আকাশ সাধারণত পরিষ্কার থাকবে ।আজ রাত থেকে আগামীকাল সকালে পশ্চিম জেলা, খোয়াই, সিপাহীজলা, গোমতী ও দক্ষিণ ত্রিপুরা জেলার কিছু স্থানে ঘন কুয়াশা পড়ার সম্ভাবনা রয়েছে।আগামীকাল দিনের সর্বোচ্চ তাপমাত্রা ২২ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ১৩ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকতে পারে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল ২০.৮ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ১৩.২ ডিগ্রি সেলসিয়াস।

*****************

*****************